দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JUN 1990
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্র সংঘর্ষের পর বরিশাল মেডিক্যাল কলেজ বন্ধ

( বরিশাল অফিস )

বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজে ছাত্র সংঘর্ষের কারণে গতকাল (রবিবার) হইতে অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। শিক্ষার্থীরা গতকাল সন্ধ্যার মধ্যে হোষ্টেল ত্যাগ করে। পরীক্ষাসমূহ স্থগিত রাখা হইয়াছে। গত শনিবার কলেজের প্রথম বর্ষের শিক্ষার্থীদের

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## ছাত্র সংঘর্ষের পর

(১ম পৃ: পর)

একটি অনুষ্ঠানকে কেন্দ্র করিয়া জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র লীগ (হা-অ) সমর্থকদের মধ্যে গোলযোগ বাঁধে। এই ঘটনাকে কেন্দ্র করিয়া ঐ রাতেই ছাত্রলীগ (হা-অ) সমর্থকরা, ছাত্রদলের সমর্থকদের ১০টি হোটেলকক্ষ তছনছ ও মালামাল লুট করে বলিয়া ছাত্রদল অভিযোগ করে। ইহা লইয়া গতকাল কলেজ প্রাঙ্গণে উত্তেজনা বিরাজ করায় কলেজ একাডেমিক কাউন্সিল কলেজ অধ্যক্ষ প্রফেসর হারুন-অর-রশীদের সভাপতিত্বে এক জরুরী সভায় কলেজ বন্ধ ঘোষণা করেন। মেডিকেলের এই ঘটনা গতকাল সকালে শহরে ছড়াইয়া পড়ার পর ছাত্রদলের কর্মীদের হাতে ছাত্রলীগের একজন কর্মী প্রহৃত হয়। বিকালে মেডিকেল কলেজ ছাত্র সংসদের ক্রীড়া সম্পাদক শহীদুল ইসলাম (ছাত্রলীগ) বাসষ্ট্যাণ্ডে ছাত্রদল কর্মীদের হাতে গুরুতর জখম হয়। প্রায় একইসময় সরকারী বি,এম কলেজের ছাত্রলীগ সমর্থিত ছাত্রদের ১০/১২টি হোষ্টেলকক্ষ তছনছ ও ভাঙ্গচুর হয়। মেডিকেলের ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা বিধানে নতুল্লাবাদে স্বগৃহে প্রত্যাবর্তনকারীদের জন্য কঠোর পুলিশী প্রহারার ব্যবস্থা করা হয়।